গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য অধিদফতর
বাংলাদেশ সচিবালয়
ঢাকা

সংবাদ গতিধারা
জাতীয় দৈনিকসমূহে প্রকাশিত সংবাদ, সম্পাদকীয়'র সারসংক্ষেপ, গুরুত্বপূর্ণ নিবন্ধ ও ফিচারের সংক্ষিপ্তসার
সংখ্যা ২২৪/২০১৮-২০১৯
ঢাকা, রোববার ২৬ মে ২০১৯, ১২ জ্যৈষ্ঠ ১৪২৬

আজকের দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয় প্রাধান্য দিয়ে খবর ছেপেছে

১ । যুক্তরাজ্য ও জার্মানি সফর শেষে রাষ্ট্রপতি দেশে ফিরছেন আজ
২। উন্নয়নের প্রতিশ্রুতি রক্ষা করছি :
দ্বিতীয় মেঘনা ও গোমতী সেতুর উদ্বোধনকালে প্রধানমন্ত্রী
৩। ঢাকা-কক্সবাজার দ্রুতগামী পর্যটন ট্রেন চালু হবে :
ভিডিও কনফারেন্সের মাধ্যমে পঞ্চগড় এক্সপ্রেসের উদ্বোধন অনুষ্ঠানে প্রধানমন্ত্রী
৪ । আগামী বাজেট হবে ৫ লাখ কোটি টাকার : রাজনীতিবিদদের সম্মানে ইফতারে প্রধানমন্ত্রী
৫। প্রধানমন্ত্রী জাপান ও সৌদি সফরে যাচ্ছেন আগামী মঙ্গলবার
৬। নজরুলের লেখা থেকেই জয় বাংলা স্লোগান নেন বঙ্গবন্ধু : ত্রিশালে শিক্ষামন্ত্রী
৭। সরকার পরিবার পরিকল্পনাখাতে বেশি জোর দিয়েছে : সিলেটে পররাষ্ট্রমন্ত্রী
৮। ডিজিটাল নিরাপত্তা নিশ্চিতে সমন্বিতভাবে কাজ করতে হবে : ডাক ও টেলিযোগাযোগ মন্ত্রী
৯। প্রয়োজনে চালকের ডোপ টেস্ট করান : পরিবহণ মালিকদের উদ্দেশে ডিএমপি কমিশনার
১০। বাংলাদেশি ১২ শান্তিরক্ষীকে মরণোত্তর সম্মান জানাল জাতিসংঘ
১১। ১৩তম স্প্যান বসানোর মাধ্যমে পদ্মাসেতুর প্রায় দুই কিলোমিটার দৃশ্যমান

চলমান পাতা-২

১ । **যুক্তরাজ্য ও জার্মানি সফর শেষে রাষ্ট্রপতি দেশে ফিরছেন আজ**

রাষ্ট্রপতি মোঃ আবদুল হামিদ স্বাস্থ্য পরীক্ষা ও চোখের চিকিৎসার জন্য যুক্তরাজ্য ও জার্মানিতে **১১** দিনের সফর শেষে আজ (২৬ মে রোববার) দেশে ফিরছেন। রাষ্ট্রপতি ও তাঁর সফরসঙ্গীদের বহনকারী বাংলাদেশ বিমানের একটি ভিভিআইপি ফ্লাইট (বিজি ২০২) আজ হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরে অবতরণ করবে। রাষ্ট্রপতি চিকিৎসার জন্য গত **১৫** মে লন্ডনের উদ্দেশে রওনা হন। সূত্র **: সমকাল** (পৃ.৫,ক.৫), **বণিক বার্তা** (পৃ.২,ক.৩), **ডেইলি সান** (পৃ.২,ক.৫), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.২,ক.৬)।

২। **উন্নয়নের প্রতিশ্রুতি রক্ষা করছি :**
দ্বিতীয় মেঘনা ও গোমতী সেতুর উদ্বোধনকালে প্রধানমন্ত্রী

প্রধানমন্ত্রী শেখ হাসিনা বলেছেন, আমরা বাংলাদেশকে এগিয়ে নিয়ে যাচ্ছি, আরো এগিয়ে নিয়ে যাব। দেশের উন্নয়ন কাজ অব্যাহত থাকবে। দেশবাসী আমাদের ওপর আস্থা রেখে ভোট দিয়েছে। যে প্রতিশ্রুতি দিয়েছিলাম সারাদেশে উন্নয়নের মাধ্যমে তা রক্ষা করছি। সড়ক, নৌ, রেল ও বিমান মিলে সব দিক থেকে সারাদেশে যোগাযোগ নেটওয়ার্ক সহজ করাই আমাদের লক্ষ্য, যাতে প্রত্যেক অঞ্চলের মানুষ কম সময়ে এক স্থান থেকে অন্যস্থানে যেতে পারেন। তিনি আরো বলেন, দেশবাসীর প্রতি কৃতজ্ঞতা যে তারা আমাদের উপর বিশ্বাস রেখেছেন, আস্থা রেখেছেন এবং আমাদের ভোট দিয়ে সেবা করার সুযোগ দিয়েছেন। গতকাল (২৫ মে শনিবার) গণভবন থেকে ভিডিও কনফারেন্সের মাধ্যমে দেশবাসীর ঈদ উপহার হিসেবে ঢাকা-চট্টগ্রাম মহাসড়কে দ্বিতীয় মেঘনা ও গোমতী সেতুর উদ্বোধনকালে তিনি এসব কথা বলেন। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১,ক.৬), **জনকণ্ঠ** (পৃ.১,ক.৩), **ডেইলি সান** (পৃ.১,ক.১), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১,ক.২)।

৩। **ঢাকা-কক্সবাজার দ্রুতগামী পর্যটন ট্রেন চালু হবে :**
ভিডিও কনফারেন্সের মাধ্যমে পঞ্চগড় এক্সপ্রেসের উদ্বোধন অনুষ্ঠানে প্রধানমন্ত্রী

প্রধানমন্ত্রী শেখ হাসিনা বলেছেন, তাঁর সরকার ঢাকা-কক্সবাজার রুটে দ্রুতগামী পর্যটন ট্রেন চালুর উদ্যোগ গ্রহণ করবে। তিনি গতকাল (২৫ মে শনিবার) ঢাকা-পঞ্চগড়-ঢাকা রুটে আন্তঃনগর ট্রেন 'পঞ্চগড় এক্সপ্রেস' উদ্বোধনকালে প্রধানমন্ত্রী আরো বলেন, আমরা মনে করি, যেহেতু চট্টগ্রাম-কক্সবাজার রুটে রেলপথ নির্মাণের কাজ চলছে কাজেই আমরা ঢাকা-কক্সবাজার রুটে একটি দ্রুতগামী ট্রেন চালুর উদ্যোগ গ্রহণ করতে সক্ষম হব। প্রধানমন্ত্রী গণভবন থেকে ভিডিও কনফারেন্সের মাধ্যমে বাংলাদেশ রেলওয়ের ঢাকা-পঞ্চগড় রুটে আন্তঃনগর ট্রেন 'পঞ্চগড় এক্সপ্রেস' এর উদ্বোধন করেন। সূত্র-**সংবাদ** (পৃ.১,ক.৫), **জনকণ্ঠ** (পৃ.৩,ক.১), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১,ক.৫), **অবজারভার** (পৃ.১,ক.৬)।

৪ । **আগামী বাজেট হবে ৫ লাখ কোটি টাকার : রাজনীতিবিদদের সম্মানে ইফতারে প্রধানমন্ত্রী**

প্রধানমন্ত্রী শেখ হাসিনা বলেছেন, আগামী **১৩** জুন পরবর্তী অর্থবছরের বাজেট উপস্থাপন করা হবে। এর আকার হবে পাঁচ লাখ কোটি টাকার বেশি। তিনি গতকাল (২৫ মে শনিবার) গণভবনে বিভিন্ন রাজনৈতিক দলের নেতাদের সম্মানে আয়োজিত ইফতার মাহফিলে এ কথা বলেন। দেশের উন্নয়নে বর্তমান সরকারের বিভিন্ন পদক্ষেপ তুলে ধরে প্রধানমন্ত্রী আরো বলেন, উন্নয়ন তৃণমূল পর্যায়ে পৌঁছে যাচ্ছে। দেশের প্রতিটি মানুষ যাতে অন্ন, বস্ত্র, বাসস্থান, শিক্ষা ও চিকিৎসা নিয়ে একটি সুন্দর জীবন-যাপন করতে পারে, সেজন্য সব ব্যবস্থা নেওয়া হয়েছে। সূত্র **: সমকাল** (পৃ.২,ক.৫), **জনকণ্ঠ** (পৃ.১,ক.১), **বাংলাদেশ টুডে** (শেষ পৃ.,ক.৫), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.২,ক.১)।

৫। **প্রধানমন্ত্রী জাপান ও সৌদি সফরে যাচ্ছেন আগামী মঙ্গলবার**

আগামী ২৮ মে মঙ্গলবার জাপান ও সৌদি আরব সফরে যাচ্ছেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। প্রথমে জাপান, পরে সৌদি আরব সফর করবেন তিনি। এরপর তাঁর লন্ডন যাওয়ার কথা রয়েছে। প্রধানমন্ত্রী জাপান ও সৌদি আরবের সফরসূচি চূড়ান্ত হয়েছে। তৃতীয় দেশে সফর চূড়ান্ত করার ব্যাপারে আলাপ-আলোচনা চলছে। তৃতীয় দেশের সফর চূড়ান্ত হলে ঈদের পর আগামী ৭ অথবা ৮ জুন দেশে ফিরবেন তিনি। আগামী ২৮ মে মঙ্গলবার জাপানের উদ্দেশে ঢাকা ছাড়বেন প্রধানমন্ত্রী। ২৯ মে বুধবার প্রধানমন্ত্রী শেখ হাসিনার সঙ্গে জাপানের প্রধানমন্ত্রী শিনজো আবের দ্বিপক্ষীয় বৈঠক অনুষ্ঠিত হবে। এ বৈঠকে ২২০ কোটি মার্কিন ডলার সহায়তা দেওয়ার বিষয়ে একটি চুক্তি স্বাক্ষর হবে। এছাড়া টোকিওতে আগামী ৩০ ও ৩১ মে অনুষ্ঠেয় দুদিনব্যাপী 'ফিউচার অভ্ এশিয়া' সম্মেলনে অংশ নেবেন তিনি। সূত্র- **ভোরের কাগজ** (পৃ.২,ক.৫)।

৬। **নজরুলের লেখা থেকেই জয় বাংলা স্লোগান নেন বঙ্গবন্ধু : ত্রিশালে শিক্ষামন্ত্রী**

শিক্ষামন্ত্রী ডা. দীপু মনি বলেছেন, নানা প্রতিকূল অবস্থার মধ্যে কেটেছে কবি নজরুলের সংগ্রামী জীবন। কঠিনতম বাস্তবতায়ও তিনি দমে যাননি। অন্যায়ের সঙ্গে আপস করেননি। স্বাধিকার ও স্বাধীনতার আকাঙ্ক্ষার কারণে তাঁকে ইংরেজ সরকারের জেলজুলুম সহ্য করতে হয়েছে। মানুষের অধিকার ও সাম্যের কথা বলায় তিনি ব্রিটিশ শাসকগোষ্ঠীর বিরাগভাজন হন। আজও আমাদের জীবনের যে কোনো প্রতিবাদে নজরুল আমাদের নিত্যসঙ্গী। তাঁর লেখা থেকেই বঙ্গবন্ধু নিয়েছিলেন আমাদের মুক্তির সে অমোঘ স্লোগান 'জয় বাংলা'। তাঁর লেখা থেকেই তিনি নিয়েছিলেন আমাদের এ দেশের নাম বাংলাদেশ। গতকাল (২৫ মে শনিবার) ময়মনসিংহের ত্রিশালের দরিরামপুর নজরুল মঞ্চে সংস্কৃতিবিষয়ক মন্ত্রণালয়ের সহযোগিতায় ও জেলা প্রশাসনের আয়োজনে জাতীয় কবি কাজী নজরুল ইসলামের ১২০তম জন্মজয়ন্তী অনুষ্ঠানের উদ্বোধনকালে প্রধান অতিথির বক্তৃতায় তিনি এসব কথা বলেন। সূত্র : **সমকাল** (পৃ.২,ক.১), **সংবাদ** (শেষ পৃ,ক.৫)।

৭। **সরকার পরিবার পরিকল্পনাখাতে বেশি জোর দিয়েছে : সিলেটে পররাষ্ট্রমন্ত্রী**

পররাষ্ট্রমন্ত্রী ড. এ কে আব্দুল মোমেন বলেছেন, দেশের উন্নয়ন মানে সবার উন্নয়ন। এজন্য সরকার পরিবার পরিকল্পনাখাতে বেশি জোর দিয়েছে। এ খাতে বরাদ্দও আগের চেয়ে বাড়ানো হয়েছে। গতকাল (২৫ মে শনিবার) সিলেটে কবি নজরুল অডিটোরিয়ামে মা-শিশু, কিশোর-কিশোরী, প্রজনন স্বাস্থ্য এবং পরিবার পরিকল্পনা সেবা কার্যক্রম পর্যালোচনা ও মূল্যায়নবিষয়ক বিভাগীয় কর্মশালায় প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন। সূত্র : **সমকাল** (পৃ.১৯,ক.১), **জনকণ্ঠ** (শেষ পৃ,ক.৬)।

৮। **ডিজিটাল নিরাপত্তা নিশ্চিতে সমন্বিতভাবে কাজ করতে হবে : ডাক ও টেলিযোগাযোগ মন্ত্রী**

ডিজিটাল শিল্পবিপ্লবের চ্যালেঞ্জ মোকাবিলায় প্রযুক্তি উপযোগী দক্ষ মানবসম্পদ গড়ে তুলতে নিরাপদ ইন্টারনেট অপরিহার্য। এ লক্ষ্যে সঠিক করণীয় নির্ধারণ করে সমন্বিত উদ্যোগে কাজ করতে হবে। গতকাল (২৫ মে শনিবার) রাজধানীর বঙ্গবন্ধু আন্তর্জাতিক সম্মেলনকেন্দ্রে ডিজিটাল নিরাপত্তা এজেন্সি ও তথ্যপ্রযুক্তি বিভাগের উদ্যোগে আয়োজিত ডিজিটাল নিরাপত্তা এবং করণীয় শীর্ষক কর্মশালায় প্রধান অতিথির বক্তব্যে এসব কথা বলেন ডাক ও টেলিযোগাযোগ মন্ত্রী মোস্তাফা জব্বার। তিনি আরো বলেন, ডিজিটাল নিরাপত্তা নিশ্চিত করার কাজটি একক কোনো বিভাগ ও সংস্থার নয়। ডিজিটাল নিরাপত্তা নিশ্চিত করার কাজটি সমন্বিত উদ্যোগে এগিয়ে নিতে নবগঠিত ডিজিটাল নিরাপত্তা সংস্থা ও আইন প্রয়োগকারী সংস্থাসহ সংশ্লিষ্ট সবাইকে একসঙ্গে কাজ করার আহ্বান জানান তিনি। সূত্র : **বণিক বার্তা** (পৃ.২,ক.১)।

৯। প্রয়োজনে চালকের ডোপ টেস্ট করান : পরিবহণ মালিকদের উদ্দেশে ডিএমপি কমিশনার

মাদকাসক্ত কোনো চালক বা সহকারীর হাতে গাড়ি তুলে দেবেন না। কোনো চালককে বা তার সহকারীকে দেখে মাদকাসক্ত মনে হলে ডোপ টেস্ট করাতে বাস মালিকদের প্রতি আহ্বান জানিয়েছেন ঢাকা মহানগর পুলিশ কমিশনার (ডিএমপি) আছাদুজ্জামান মিয়া। গতকাল (২৫ মে শনিবার) মহাখালী আন্তঃজেলা বাস টার্মিনালে আয়োজিত আইনশৃঙ্খলা ও ট্রাফিক ব্যবস্থাপনা সংক্রান্ত এক মতবিনিময়সভায় তিনি এ আহ্বান জানান। ডিএমপি কমিশনার আরো বলেন, সরকারের পক্ষ থেকে যে ভাড়া নির্ধারিত করে দেওয়া হয়েছে, এর বেশি যাত্রীদের কাছ থেকে নেওয়া যাবে না। আর যদি কেউ এটি অমান্য করেন তাহলে তাদের বিরুদ্ধে কঠোর ব্যবস্থা গ্রহণ করা হবে। সূত্র-**ইত্তেফাক** (পৃ.৩,ক.১), **সংবাদ** (শেষ পৃ,ক.৩), **নিউ এজ** (পৃ.২,ক.২)।

১০। বাংলাদেশি ১২ শান্তিরক্ষীকে মরণোত্তর সম্মান জানাল জাতিসংঘ

জাতিসংঘ শান্তিরক্ষা মিশনে কর্তব্যরত অবস্থায় নিহত বাংলাদেশের ১২ শান্তিরক্ষীসহ বিশ্বের ২৭ দেশের ১১৯ জনকে সর্বোচ্চ ত্যাগের জন্য 'দ্যাগ হ্যামারশোল্ড পদক' দিয়ে সম্মান জানিয়েছে জাতিসংঘ। আন্তর্জাতিক শান্তিরক্ষী দিবস উপলক্ষে গত ২৪ মে শুক্রবার জাতিসংঘ মহাসচিব আন্তোনিও গুতেরেস দেশগুলোর স্থায়ী প্রতিনিধিদের কাছে এ পদক হস্তান্তর করেন। সূত্র : **সমকাল** (পৃ.২,ক.৮), **সংবাদ** (পৃ.১,ক.৫), **ডেইলি সান** (পৃ.১,ক.৫), **অবজারভার** (পৃ.১,ক.৪)।

১১। ১৩তম স্প্যান বসানোর মাধ্যমে পদ্মাসেতুর প্রায় দুই কিলোমিটার দৃশ্যমান

লৌহজং উপজেলার মাওয়া প্রান্তের ১৪ ও ১৫ নম্বর খুঁটির ওপর বসানো হয়েছে পদ্মাসেতুর ১৩তম স্প্যান। গতকাল (২৫ মে শনিবার) ১৩তম স্প্যান বসানোর মাধ্যমে সেতুর মূল অবকাঠামোর দৈর্ঘ্য এখন দৃশ্যমান হয়ে উঠল এক হাজার ৯৫০ মিটার বা প্রায় দুই কিলোমিটারে। গতকাল পর্যন্ত মূল সেতুর কাজের অগ্রগতি ৮০ শতাংশ ছাড়িয়ে গেছে। সূত্র : **সমকাল** (পৃ.১৯,ক.১), **সংবাদ** (শেষ পৃ,ক.৬), **নিউ নেশন** (শেষ পৃ,ক.১), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১,ক.৪)।

সম্পাদকীয়

ক. **ইত্তেফাক :** জ্বালানি হিসাবে সিলিন্ডার গ্যাসের ব্যবহার দিনদিন বাড়ার সাথে সাথে বাড়ছে এ সংক্রান্ত দুর্ঘটনা উল্লেখ করে এ ব্যাপারে সচেতনতা বাড়ানোর আহ্বান।

খ. **যায়যায়দিন :** অগ্রিম টিকিট বিক্রির তৃতীয় দিনেও টিকিট নিয়ে ভোগান্তির অভিযোগ করেছেন টিকিট প্রত্যাশীরা উল্লেখ করে যাত্রী ভোগান্তি নিরসনে সংশ্লিষ্টদের যথাযথ পদক্ষেপ নেওয়ার সুপারিশ।

গ. **ভোরের কাগজ :** দেশের প্রায় প্রতিটি গুরুত্বপূর্ণ রুটের সড়ক-মহাসড়ক জুড়ে রয়েছে গর্ত আর খানাখন্দ উল্লেখ করে ঈদে ঘরেফেরা মানুষের দুর্ভোগ লাঘবে সড়ক-মহাসড়কগুলো দ্রুত সংস্কারের সুপারিশ।

ঘ. **সংবাদ :** সম্প্রতি আন্তর্জাতিক উদরাময় রোগ গবেষণা কেন্দ্র'র উদ্যোগে 'ইএসপিএ ডেল্টাস' নামের একটি গবেষণার ফলাফলে দেখা গেছে, পানিবাহিত অসহনীয় মাত্রার লবণ থেকে মানুষের মধ্যে উচ্চ রক্তচাপের প্রকোপ বাড়ছে উল্লেখ করে জলবায়ুর বিরূপ প্রভাবে বৃদ্ধি পাওয়া এসব অসংক্রামক রোগ বৃদ্ধি রোধে সচেতনতার আহ্বান।

ঙ. **অবজারভার :** বাঘ শিকার বন্ধ হওয়ায় সুন্দরবনে রয়েল বেঙ্গল টাইগারের বংশবৃদ্ধি হয়েছে এ তথ্যে সন্তোষ প্রকাশ করে এ অবস্থা অপরিবর্তিত রাখার ওপর গুরুত্বারোপ।

চ. **নিউজ টুডে :** রাজধানীর বায়ুদূষণ বেড়ে যাওয়ায় উদ্বেগ প্রকাশ করে বায়ুদূষণ প্রতিরোধে যথাযথ পদক্ষেপ নেওয়ার পাশাপাশি সচেতনতার বিকল্প নেই বলে মন্তব্য।

নিবন্ধ ও ফিচার

ইত্তেফাক পত্রিকায় প্রকাশিত **'অর্থনৈতিক অগ্রগতিতে আইসিটি'** শিরোনামের নিবন্ধে অভিমত প্রকাশ করা হয়েছে, দেশের প্রতিটি নাগরিকের হাতে ইন্টারনেট সেবা পৌঁছে দিয়ে নাগরিক অধিকার নিশ্চিত করতে হবে।

#

ডালিয়া/মরজিনা/সাঈদা/রশীদ/মাসুম/২০১৮/৯.০০ঘন্টা